

## Embassy of Bangladesh

### প্রেস বিজ্ঞপ্তি

#### কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট কার্যক্রমের শুভ উদ্বোধন

কাঠমান্ডু, ০৮ মার্চ ২০২২: কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাসে ০৮ মার্চ ২০২২ তারিখে 'ই-পাসপোর্ট' কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধন করেন নেপালে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের যুগ্ম সচিব মিজ নাসরিন জাহান। এছাড়া উদ্বোধনী অনুষ্ঠানে ই-পাসপোর্ট কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রকল্পের উপ-পরিচালক লেঃ কর্নেল মোহাম্মদ জামাল হোসেন সহ প্রধানমন্ত্রীর কার্যালয়, পরিকল্পনা কমিশন, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। উদ্বোধনী দিনে দুইজন সেবা প্রত্যাশীর নিকট এনরোলমেন্ট স্লিপ হস্তান্তর করা হয়।

ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তাগণ ই-পাসপোর্ট কার্যক্রম ও প্রকল্প সম্পর্কে আলোকপাত করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের যুগ্ম সচিব মিজ নাসরিন জাহান তাঁর বক্তব্যে বাংলাদেশের জেলা সদর দপ্তর ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস সমূহে ই-পাসপোর্ট কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন যে, সরকার বিদেশস্থ সকল মিশন সমূহে ই-পাসপোর্ট কার্যক্রম সংক্রান্ত সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। ই-পাসপোর্ট সফলভাবে বাস্তবায়ন সম্পন্ন হলে মানব পাচার সহ এ সংক্রান্ত নানা ধরনের অপরাধ বন্ধ করা সম্ভব হবে। লেঃ কর্নেল মোহাম্মদ জামাল হোসেন তাঁর বক্তব্যে বলেন, এই পাসপোর্টটি বিশ্বের অন্যতম সেরা প্রযুক্তিনির্ভর একটি পাসপোর্ট। তিনি ই-পাসপোর্ট এর বিভিন্ন বৈশিষ্ট্যের বিষয়ে সকলকে অবগত করেন।

রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী তাঁর বক্তব্যে বলেন যে, ই-পাসপোর্ট সেবা প্রদান মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন রূপকল্প বাস্তবায়নের একটি অন্যতম মাইলফলক। ১০ বছর মেয়াদী ই-পাসপোর্ট চালু হওয়ার ফলে প্রবাসী বাংলাদেশীদের জন্য ইমিগ্রেশন এবং পাসপোর্ট ইস্যু ও নবায়ন সংক্রান্ত প্রক্রিয়াসমূহ সহজতর ও নিরাপদ হবে। তিনি কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট কার্যক্রম বাস্তবায়নে আন্তরিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, গত জানুয়ারী ২০২০-এ ই-পাসপোর্ট বাস্তবায়ন প্রকল্প উদ্বোধনের পর বাংলাদেশের সকল জেলায় এর কার্যক্রম সম্প্রসারণ করা হলেও কোভিড-১৯ মহামারীর কারণে বিশ্বের বিভিন্ন প্রান্তে অবস্থিত মিশনসমূহে এই সেবা চালু করা যায়নি। পরিস্থিতি স্বাভাবিক হবার সাথে সাথেই এই কার্যক্রম পুনরায় শুরু করা হয়েছে। কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাস ত্রয়োদশ বহি-বাংলাদেশ মিশন হিসাবে অন্তর্ভুক্ত হল। এই সেবা পর্যায়ক্রমে পৃথিবীর ৬০ টি দেশে অবস্থিত ৮০ টি মিশনে সম্প্রসারিত হবে বলে আশা করা যাচ্ছে।

\*\*\*\*\*







## Embassy of Bangladesh

### Press Release

#### **Bangladesh Embassy in Kathmandu rolls out e-Passport**

**08 March 2022, Kathmandu, Nepal:** Bangladesh Embassy in Kathmandu has come under the network of e-Passport services from 08 March 2022. Ambassador Salahuddin Noman Chowdhury and Ms. Nasrin Jahan, Joint Secretary, Security Services Division of the Ministry of Home Affairs of Bangladesh jointly inaugurated the enrollment process at a simple ceremony held at the Embassy. Two applicants from the Bangladesh community were handed over e-Passport enrollment slips on the first day.

While speaking on the occasion, Joint Secretary Nasrin Jahan briefed on the progress of roll out of e-Passport facilities at the district level and at the Bangladesh Missions abroad. She highlighted that successful implementation of e-Passport project will help curb the human trafficking and related crimes. Deputy Director of Project, Lt. Col. Mohammad Jamal Hossain mentioned that this e-Passport contains highly sophisticated features to ensure full proof security.

In his remarks, Ambassador Chowdhury mentioned that the e-Passport is one of the milestones for the implementation of the development visions of the Hon'ble Prime Minister. e-Passport with the validity of 10-years will ease and facilitate immigration and passport issuance processes for the expatriates. He thanked all the officials involved in the roll out of e-Passport facilities in Kathmandu.

It may be noted that after the launching of e-Passport services in January 2020, the facilities have been extended to all the district headquarters in the country. It could not be installed in the Bangladesh Missions abroad due to the outbreak of COVID-19 pandemic. Bangladesh Embassy in Kathmandu is the 13<sup>th</sup> Mission to complete the enrolment system. It is expected that this service will soon be extended to all the 80 Bangladesh Missions abroad in 60 countries.

\*\*\*\*\*



**Basundhara-3, Chakrapath, Kathmandu, Nepal**

**Telephone: +977-1-4390130 / 4390131, Fax: +977-1-4390132, Email: mission.kathmandu@mofa.gov.bd**